**বিশেষ অনুশীলন-১/২০২০** -এর সিলেবাস ও প্রশ্ন বিষয় কোড: ১ ০ ১

দশম শ্রেণি

বাংলা প্রথম পত্র

সিলেবাস

| গদ্য : | কবিতা : |
|---|---|
| ১। সুভা | ১। বঙ্গবাণী |
| ২। বই পড়া | ২। কপোতাক্ষ নদ |
| ৩। অভাগীর স্বর্গ | ৩। জুতা-আবিষ্কার |
| ৪। পল্লিসাহিত্য | ৪। ঝর্ণার গান |

সৃজনশীল প্রশ্ন

**বিশেষ অনুশীলন-১/২০২০** বিষয় কোড: ১ ০ ১

শ্রেণি:দশম

সময়: ১ ঘণ্টা বিষয়: বাংলা প্রথম পত্র (সৃজনশীল) মান : ২০

**সৃজনশীল অংশ : উদ্ধৃতিগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও : (১০×২)=২০**

**১।** শুধু পাঠ্যপুস্তক পড়ে আর খ্যাতিমান শিক্ষকদের নোট মুখস্ত করে পরীক্ষায় প্রথম হতে হয় কীভাবে আশিক তা ভালো করেই জানে। কিন্তু স্কুলের একাডেমিক পরীক্ষার বাইরে বিভিন্ন অলিম্পিয়াড, ভাষা-সাধারণ জ্ঞান ও বক্তৃতা প্রতিযোগে **জাহিন** থাকে শীর্ষে। অথচ বিভিন্ন শ্রেণিতে তার রোল থেকেছে পাঁচ থেকে দশের মধ্যে। আশিক পাঠ্যপুস্তকের বাইরে অন্য বই পড়তে বিশেষ আগ্রহী নয়। তাছাড়া তার মা-বাবাও এটাকে ভালো মনে করে না। কিন্তু জাহিন ক্লাসের পড়া শেষ হলেই তার পছন্দের বইয়ের মধ্যে ডুব দেয়। তার এই গ্রন্থপ্রীতি দেখে তার বাবাও ছেলের পছন্দ অনুযায়ী বিভিন্ন ধরনের বই কিনে দেন। তাই বন্ধুসমাজে ‘গ্রন্থকীট’ উপাধি-প্রাপ্ত জাহিনের ব্যক্তিগত লাইব্রেরিটিও বেশ সমৃদ্ধ হয়ে উঠেছে।

(ক) লেখকের মতে কাব্যামৃতে আমাদের অরুচির জন্য দোষ কার ? ১
(খ) প্রমথ চৌধুরী সাহিত্যচর্চাকে শিক্ষার সর্বপ্রধান অঙ্গ বলেছেন কেন? ২
(গ) উদ্দীপকের আশিকের শিক্ষাজীবনকে ‘বই পড়া’ প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৩
(ঘ)‘বই পড়া’ প্রবন্ধের লেখকের নিকট শিক্ষার্থী হিসেবে জাহিনের ভূমিকা যথার্থ। – উক্তিটি মূল্যায়ন করো । ৪

**২।** বাংলার হাওয়া বাংলার জল
হৃদয় আমার করে সুশীতল
এত সুখ-শান্তি এত পরিমল
কোথা পাবে আর বাংলা ছাড়া।

(ক) ‘কপোতাক্ষ নদ’ কবিতাটি কোন গ্রন্থ থেকে সংকলিত ? ১
(খ) ‘জুড়ায় এ কান আমি ভ্রান্তির ছলনে’ – ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপক ও ‘কপোতাক্ষ নদ’ কবিতার মধ্যকার বৈসাদৃশ্যপূর্ণ দিকগুলো ব্যাখ্যা করো । ৩
(ঘ) ‘উদ্দীপক ও ‘কপোতাক্ষ নদ’ কবিতার প্রেক্ষাপট ভিন্ন হলেও মূল থিম অভিন্ন ।’ – মন্তব্যটি যাচাই করো । ৪

**বহু-নির্বাচনি অভীক্ষা :**

**বিশেষ অনুশীলন-১/২০২০** বিষয় কোড: ১ ০ ১

শ্রেণি: দশম

সময়: ৩০ মিনিট বিষয়: বাংলা প্রথম পত্র (বহু-নির্বাচনি অভীক্ষা) মান : ৩০

সঠিক উত্তরটি খাতায় লেখো : ( ১×৩০)=৩০

১। প্রমথ চৌধুরী সাহিত্যকে তুলনা করেছেন কীসের সাথে?
(ক) সাগরের (খ) নদীর (গ) গঙ্গার (ঘ) যমুনার

২। 'বহু দেশ দেখিয়াছি বহু নদ দলে/কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে।' — চরণদ্বয়ে ফুটে উঠেছে কবির —
(ক) স্নেহতৃষ্ণা (খ) মর্মকথা
(গ) নদীপ্রীতি (ঘ) স্মৃতিকাতরতা

৩। মাইকেল মধুসূদন দত্ত কত সালে মৃত্যুবরণ করেন ?
(ক) ১৮২৪ সালে (খ) ১৮৬২ সালে
(গ) ১৮৭৩ সালে (ঘ) ১৮৭৬ সালে

৪। প্রমথ চৌধুরীর জন্মস্থান কোথায় ?
(ক) পাবনা (খ) যশোর
(গ) কলকাতা (ঘ) লন্ডন

৫। ঠাকুরদাস মুখুয্যের বর্ষীয়সী স্ত্রী কত দিনের জ্বরে মারা যান?
(ক) পাঁচদিনের (খ) সাতদিনের
(গ) দশদিনের (ঘ) পনেরদিনের

৬। 'দেশি পণ্যসামগ্রীর প্রতি অভীকের ধারণা সবসময়ই নেতিবাচক। জামাকাপড়, খাদ্যসামগ্রী, ব্যবহার্য দ্রব্যাদিসহ প্রায় প্রতিটি ক্ষেত্রে তার বিদেশবান্ধব রুচি দেখলে সে এদেশের বাঙালির সন্তান কি না সন্দেহ লাগে।'
তোমার পাঠ্যবইয়ের কোন পাঠের বক্তব্য উদ্দীপকের বক্তব্যের সাথে প্রায়ই সাদৃশ্যপূর্ণ?
(ক) বঙ্গবাণী (খ) কপোতাক্ষ নদ
(গ) বই পড়া (ঘ) পল্লিসাহিত্য

৭। 'উপল' শব্দের অর্থ কী ?
(ক) উপুড় (খ) পাহাড়
(গ) উৎফুল্ল (ঘ) পাথর

৮। অভাগীর ছেলের হাতের আগুন না পাওয়ার কারণ?
(ক) বর্ণপ্রথা (খ) সামন্ত প্রথা
(গ) বর্ণ ও সামন্ত প্রথা (ঘ)শাস্ত্রবাধা

৬। রবীন্দ্রনাথের 'বনফুল' কাব্যগ্রন্থ কত বছর বয়সে প্রকাশিত হয় ?
(ক) আঠারো (খ) ষোলো
(গ) পনেরো (ঘ) চৌদ্দো

৯।'সুভা' গল্পে বাণীকণ্ঠের শত্রু থাকার কারণ তার —
(ক) অবিবেচনা (খ) সচ্ছলতা
(গ) কৃপণতা (ঘ) অধার্মিকতা

১০। মাইকেল মধুসূদন দত্ত রচিত গ্রন্থ কোনটি ?
(ক) কুহু ও কেকা (খ) সবিতা
(গ) নীহারিকা (ঘ) বীরাঙ্গণা

১১। ঝর্ণা ঝিঁঝির ডাক শোনে কখন ?
(ক) দিবস-রাত (খ)সাঁঝ-সকাল
(গ) দুপুর-ভোর (ঘ)সারারাত

১২।'কপোতাক্ষ নদ' সনেটটির ষষ্টকের চরণবিন্যাস কোনটি?
(ক) গঘঙগঘঙ (খ) গগঘঘঙঙ
(গ) গঘগঘগঘ (ঘ) ঘঙঘঙঘঙ

১৩। প্রমথ চৌধুরীর মতে শিক্ষা হচ্ছে —
i. দান সাপেক্ষ
ii. মন সাপেক্ষ
iii. গ্রহণক্ষমতা সাপেক্ষ
কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৪। দুলেদের পেশার সাথে জড়িত কোনটি ?
(ক) কাপড় (খ) নৌকা
(গ) পালকি (ঘ) মাছ

১৫।'সুভা' গল্পের সুভা মুক্তির আনন্দ পায় কার কাছে ?
(ক) নদীর কাছে (খ) গাভীদুটির কাছে
(ঘ) প্রকৃতির কাছে (গ) ছাগল ও বিড়ালছানার কাছে

১৬। প্রমথ চৌধুরীর মতে শিক্ষার সর্বপ্রধান অঙ্গ কোনটি ?
(ক) পাঠ্যপুস্তক (খ) সাহিত্যচর্চা
(গ) স্কুল (ঘ) শিক্ষক

১৭। যথার্থ শিক্ষিত হতে হলে কীসের প্রসার দরকার ?
(ক) স্কুলের (খ) লাইব্রেরির
(গ) সাহিত্যের (ঘ) মনের

১৮। সত্যেন্দ্রনাথ দত্ত কত সালে জন্মগ্রহণ করেন ?
(ক) ১৮৬১ সালে (খ) ১৮৬৭ সালে
(গ) ১৮৮২ সালে (ঘ) ১৯০১ সালে

১৯।‘ক্যাঙ্গালার মার মত সতী-লক্ষ্মী আর দুলে পাড়ায় নেই’ – উক্তিটি কার ?

(গ) রাখালের পিসির (ঘ) নাপতে-বৌদির

(ক) ঈশ্বর নাপিতের (খ) বিন্দির মার

২০। সত্যেন্দ্রনাথ দত্ত কোন বিষয়ে অসধারণ নৈপুণ্যের পরিচয় দিয়েছেন ?

(ক) ছন্দ নির্মাণে (খ) মৌলিক কাব্যে

(গ) কাব্য অনুবাদে (ঘ) কাব্যানুশীলনে

২১। অভাগী মারা যায় কত বছর বয়সে ?

(ক) পঁচিশ বছর (খ) ত্রিশ বছর

(গ) পঁয়ত্রিশ বছর (ঘ) চল্লিশ বছর

২২।‘বঙ্গবাণী’ কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে গৃহীত হয়েছে?

(ক) ইউসুফ জোলেখা (খ) লালমতি

(গ) নসীহৎনামা (ঘ) নূরনামা

২৩। নিচের কোন শব্দটির অর্থ ‘ইচ্ছা’ ?

(ক) জুয়ায় (খ) হাবিলাষ

(গ) নিরঞ্জন (ঘ) ছিফত

২৪।‘কলা রুয়ে না কেটো পাত/ তাতেই কাপড় তাতেই ভাত’– এটি একটি –

(ক) ছড়া (খ) প্রবাদ (গ) প্রবচন (ঘ) ধাঁধা

২৫।‘যদি না ধুলা লাগিবে তব পায়ে,
পায়ের ধুলা পাইব কী উপায়ে!’

‘জুতা-আবিষ্কার’ কবিতায় রাজার প্রতি মন্ত্রীর এ-উক্তিতে প্রকাশ পেয়েছে তাঁর –

i. তোষামুদে চরিত্র

ii. অক্ষমতা

iii. ভক্তি

কোনটি সঠিক ?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬। ঝাঁটের জন্য কতটি ঝাঁটা কেনা হয়েছিল ?

(ক) একুশ লাখ (খ) সাড়ে উনিশ লাখ

(গ) সাড়ে সতেরো লাখ (ঘ) পনেরো লাখ

২৭।‘মহীপতির রহিবে মহাকীর্তি’– এখানে ‘মহীপতি’ শব্দের অর্থ কী?

(ক) ধুলো (খ) পৃথিবী

(গ) রাজা (ঘ) ঈশ্বর

২৮। মুহম্মদ শহীদুল্লাহ সম্পাদিত ‘আঙুর’ একটি –

(ক) কবিতাগ্রন্থ (খ) উপন্যাসগ্রন্থ

(গ) মাসিক পত্রিকা (ঘ) শিশু পত্রিকা

২৯। ১৯৩৮ সালে ‘পূর্ব ময়মনসিংহ সাহিত্য সম্মেলন’ অনুষ্ঠিত হয় কোথায় ?

(ক) সিলেট (খ) সুনামগঞ্জ

(গ) ময়মনসিংহ (ঘ) কিশোরগঞ্জ

৩০। মুহম্মদ শহীদুল্লাহর মতে বাংলা সাহিত্যের কত আনা শহুরে সাহিত্য ?

(ক) বারো আনা (খ) চৌদ্দো আনা

(গ) পনেরো আনা (ঘ) ষোলো আনা